



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখঃ ২৩.০৩.২০২৩

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন সমীপে

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে

বিষয়ঃ ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার রসুলুল্লাহ ইউনিয়নের উত্তর দাররা গ্রামে গৃহবধূর শরীরে পেট্রোল ঢেলে আগুন দিয়ে ঝলসে দেওয়া এবং চিকিৎসাধীন অবস্থায় মারা যাওয়ার ঘটনায় গভীর দুঃখ ও ক্ষোভ প্রকাশ করে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

গত ২১ মার্চ, ২০২৩ তারিখ বিভিন্ন গণমাধ্যম প্রকাশিত মাধ্যমে জানা যায় যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার রসুলুল্লাহ ইউনিয়নের উত্তর দাররা গ্রামে গৃহবধূর শরীরে পেট্রোল ঢেলে আগুন দিয়ে ঝলসে দেয় এবং চিকিৎসাধীন অবস্থায় মারা যাওয়ার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, নির্যাতনের শিকার গৃহবধূ একই এলাকার জাকারিয়ার স্ত্রী। জাকারিয়া দীর্ঘদিন ধরে সংযুক্ত আরব আমিরাতে ছিলেন। দেড় বছর আগে দেশে ফিরে আসেন তিনি। জাকারিয়ার ছোট ভাই জালাল তার ভাইয়ের বাসায় থেকে কলেজে পড়াশুনা করে। কয়েকদিন আগে জালালের সঙ্গে ঘটনার শিকার গৃহবধূর কথা কাটাকাটি হয়। এ নিয়ে ক্ষুব্ধ হয় জালাল। গত ১৯ মার্চ, দুপুরে নির্যাতনের শিকার গৃহবধূ ঘরে পিঠা তৈরি করছিল। এ সুযোগে জালাল পিছন থেকে এসে তার গৃহবধূর গায়ে পেট্রোল ঢেলে আগুন লাগিয়ে দেয়। গুরুতর অবস্থায় তাকে রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইউনিটে ভর্তি করা হয়। গত ২২ মার্চ, ২০২৩ তারিখ দুপুরে আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় গৃহবধূ মারা যান।

আমরা লক্ষ্য করছি যে, পারিবারিক সহিংসতা দিন দিন নৃশংস ও উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। গৃহবধূর শরীরে পেট্রোল দিয়ে আগুন দিয়ে ঝলসে দেওয়া এবং নৃশংস হত্যাকাণ্ডের ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ গভীর দুঃখ ও ক্ষোভ প্রকাশ করছে। নারী ও কন্যারা ঘরে বাইরে প্রতিনিয়ত নৃশংসতার শিকার হচ্ছে এবং তাদের নিরাপত্তা হুমকির কারণ হয়ে দাঁড়িয়েছে। নারীর চলমান অগ্রযাত্রায় কর্মজীবন, স্বাধীন চলাচল ও নিরাপত্তা পরিস্থিতিকেও নাজুক করে তুলেছে।

বাংলাদেশ মহিলা পরিষদ উক্ত ঘটনায় জড়িতের দ্রুত গ্রেফতার, মামলার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছে। এ ধরনের ঘটনা পুনরাবৃত্তি রোধে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও সংশ্লিষ্ট প্রশাসনের নিকট অনুরোধ জানাচ্ছে। সেই সাথে পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষায় ব্যক্তি, পরিবার ও সমাজকে এগিয়ে আসার আহবান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন -

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ